প্রশ্নঃ ৭. মহিলারা নেকাব পরা অবস্থায় চোখ খোলা রেখে চলাফেরা করার বিধান কি?

প্রথমত কথা হলো মহিলা মানুষ ঘরে অবস্থান করবে। বাহিরে ঘোরাফেরা করবে না। তবে প্রয়োজনে বোরখা পড়ে শুধু চোখ খোলা রেখে চলাফেরা করা যাবে। পুরো মুখের উপর পাতলা আবরণ দিয়ে ঢেকে দিলে রাস্তাও দেখা যায় আবার চোখ ঢাকাও হয়।

আবদুল্লাহ ইবনে আব্বাস রা. বলেছেন, আল্লাহ তাআলা মুমিন নারীদেরকে আদেশ করেছেন যখন তারা কোনো প্রয়োজনে ঘর থেকে বের হবে তখন যেন মাথার উপর থেকে ওড়না/চাদর টেনে স্বীয় মুখমন্ডল আবৃত করে। আর (চলাফেরার সুবিধার্থে) শুধু এক চোখ খোলা রাখ।

(⍰⍰⍰⍰⍰⍰ ⍰⍰⍰⍰⍰, ⍰⍰⍰⍰⍰: ⍰, ⍰⍰⍰⍰⍰⍰⍰: ⍰⍰, ⍰⍰, ⍰⍰⍰।)

والله أعلم بالصواب

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: